

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মাহফুজুর রহমান, উপপরিচালক (খনি ও খনিজ)(চ.দা), বিএমডি  
তারিখ : ১৪.০৩.২০২১  
সময় : সকাল ১০.০০ ঘটিকা  
সভার স্থান : রেভিনিউ ডেপুটি কালেক্টরের কার্যালয়, হবিগঞ্জ  
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে আলোকপাত করেন। সভায় রেভিনিউ ডেপুটি কালেক্টরের কার্যালয়, হবিগঞ্জ-এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও বিভিন্ন উপজেলার সিলিকা বালু ব্যবসায়ী এবং সর্বস্তরের জনসাধারণ উপস্থিত ছিলেন। সভায় সভাপতি বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে শুদ্ধাচার/উত্তমচর্চা অপরিহার্য। সেপ্রেক্ষিতে সরকার বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে শুদ্ধাচার/উত্তমচর্চা বিষয়ে অংশীজনের সাথে মতবিনিময় সভা অন্তর্ভুক্ত করা হয়েছে। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট সেহেতু নাগরিক সেবাকে আরো অধিকতর সহজ করার জন্য বিএমডি কর্তৃক প্রদত্ত সেবাকে ই-সেবাই রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, ইতোমধ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর দাপ্তরিক সেবাসমূহ-কে ডিজিটাল সেবায় রপান্তরের নিমিত্ত এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের যৌথ উদ্যোগে 'ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। তৎপ্রেক্ষিতে হবিগঞ্জ জেলার সিলিকা বালু কোয়ারিসমূহের আগামী ১৪২৮-১৪২৯ বাংলা সনের জন্য ইজারা প্রদান প্রক্রিয়াটি ডিজিটাল পদ্ধতিতে [esheba.bomd.gov.bd](http://esheba.bomd.gov.bd) লিংক-এর মাধ্যমে অনলাইনে সম্পাদন করা হবে। সেপ্রেক্ষিতে ইজারা প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানের সকল তথ্যাদি হলনাগাদকরণ করে নিতে হবে।

**২.০ আলোচনা**

দেশে প্রাপ্ত খনিজ সম্পদের (তেল ও গ্যাস ব্যতীত) সুসম ব্যবহার ও উত্তোলন ব্যবস্থাপনা আরও আধুনিকায়নের জন্য সরকার খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ প্রণয়ন করেছে। উত্তম চর্চা অংশ হিসেবে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুসরণ করে কোয়ারি কার্যক্রম বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। দেশের সীমিত খনিজ সম্পদ অপচয় রোধ ও সুষ্ঠু ব্যবহারের বিষয়ে সকলকে অনুরোধ করা হয়। ইজারাগ্রহীতা কর্তৃক সিলিকা বালু কোয়ারির ইজারাকৃত মেয়াদ সিলিকা বালু উত্তোলন, স্তুপাকারে জমাকরণ ও বিক্রয় এবং অপসারণ করা যাবে তবে সর্বাবস্থায় অবৈধ/অননুমোদিতভাবে সিলিকা বালু উত্তোলন ও অপসারণ বন্ধের জন্য আহ্বান জানানো হয়। এ ছাড়া, পরিবেশের ক্ষতি হয় বা পরিবেশের ক্ষতির সম্ভাবনা আছে এমন কোন কার্যক্রম গ্রহণ না করার অনুরোধ জানানো হয়।


**সিদ্ধান্ত**

আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

(ক) ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সফটওয়্যার পাইলটিং কার্যক্রম চালু করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ইজারা প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানের সকল তথ্যাদি হলনাগাদকরণ করে নিতে হবে। ইজারা প্রত্যাশী কর্তৃক নির্ধারিত ফরমে গেজেটভুক্ত ও ব্যক্তিমালিকানাধীন সিলিকা বালু কোয়ারি ইজারার আবেদন অনলাইনে দাখিল করা করতে হবে;

(খ) খনিজ সম্পদ সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সরেজমিন পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মোঃ মাহফুজুর রহমান)

উপপরিচালক (খনি ও খনিজ)(চলতি দায়িত্ব)

ফোন : ৮৩৯১৪৩৮


ই-মেইল : [ddmine@bomd.gov.bd](mailto:ddmine@bomd.gov.bd)

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩ (অংশ-২).২৬৪

তারিখ : ০৪ চৈত্র ১৪২৭  
২৮ মার্চ ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। জেলা প্রশাসক, হবিগঞ্জ (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ জেলা, হবিগঞ্জ;
- ৫। রেভিনিউ ডেপুটি কালেক্টর (আরডিসি), হবিগঞ্জ (বর্ণিত সভা অনুষ্ঠানে সার্বিক সহায়তা ও অগ্রনী ভূমিকা পালন করায় ধন্যবাদ জ্ঞাপন করা হলো);
- ৬। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা (সকল), হবিগঞ্জ;
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৮। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

  
(মোঃ মাহফুজুর রহমান)

উপপরিচালক (খনি ও খনিজ)(চলতি দায়িত্ব)